# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৪৩

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ হজ্জে শর্ত আরোপ করা।

## باب مَا جَاءَ فِي الاِشْتِرَاطِ فِي الْحَجِّ

আরবী

حَدَّثَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا عَبَّادُ بْنُ عَوَّامٍ، عَنْ هِلاَلِ بْنِ خَبَّابٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ ضُبَاعَةَ بِنْتَ الزُّبَيْرِ، أَتَتِ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنِّي أُرِيدُ الْحَجَّ أَفَأَشْتَرِطُ قَالَ " نَعَمْ " . قَالَتْ كَيْفَ أَقُولُ قَالَ " قُولِي لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ لَبَّيْكَ مَحِلِّي مِنَ الأَرْضِ حَيْثُ تَحْبِسُنِي " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَأَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ الاِشْتِرَاطَ فِي الْحَجِّ وَيَقُولُونَ إِنِ اشْتَرَطَ فَعَرَضَ لَهُ مَرَضٌ أَوْ عُذْرٌ فَلَهُ أَنْ يَحِلَّ وَيَخْرُجَ مِنْ إِحْرَامِهِ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَلَمْ يَرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الاِشْتِرَاطَ فِي الْحَجِّ وَقَالُوا إِنِ اشْتَرَطَ فَلَيْسَ لَهُ أَنْ يَخْرُجَ مِنْ إِحْرَامِهِ . وَيَرَوْنَهُ كَمَنْ لَمْ يَشْتَرِطْ .

বাংলা

৯৪৩. যিয়াদ ইবনু আয়্যূব আল- বাগদাদী (রহঃ) ...... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত যে, যুবাআ বিনত যুবায়র (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বললেন ইয়া রাসূলাল্লাহ্! আমি হজ্জ করতে ইচ্ছা রাখি। এই ক্ষেত্রে আমি কি কোন শর্ত করতে পারি। তিনি কললেন, হ্যাঁ। যুবাআ বললেন, কিভাবে বলব? তিনি বললেন, বলবে লাবববায়কা আল্লাহুম্মা লাববায়ক হে আল্লাহ যেখানে আমাকে বাধাগ্রস্ত করে দিবে সেখানেই আমি হালাল হব। - ইবনু মাজাহ ২৯৩৮, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৪১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির, আসমা ও আয়িশা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত হাদিসটি হাসান- সহীহ্। এতদনুসারে কতক আলিম আমল করেছেন। হজ্জের ক্ষেত্রে এইরূপ শর্তারোপ করা য়ায় বলে তাঁর মনে করেন। তাঁরা বলেন, এইরূপ শর্ত করার পর যদি সে বাঁধার সম্মুখীন হয় অথাবা মা'যূর হয়ে পড়ে তবে সে হালাল হয়ে যেতে পারবে এবং ইহরাম ছেড়ে দিতে পারবে। এ

হলো ইমাম শফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। কোন কোন আলিম হজ্জের ক্ষেত্রে শর্তারোপ করা যায় বলে মনে করেন না। তারা বলেন, যদি শর্ত করে তবুও সে ইহরাম ছেড়ে দিতে পারবেনা। এমতাবস্থায় তাকে কোন কিছু শর্তারোপ না করা ব্যক্তির মতই মনে করা হবে।

## English

Ibn Abbas narrated:
"Duba'ah bint Az-Zubair came to the prophet and said: 'O Messenger of Allah! I want to perform Hajj so should I state a condition?' He said: 'Yes.' She asked: 'So how should I say it?' He said: 'Say; "Labbaik Allahumma labbaika mahilli minal Ard haithu tahbisuni (I respond to Your call O Allah, I respond to Your call, I will exit Ihram any where on the earth where You prevent me."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18132

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন